

## চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

১৬ ডিসেম্বর ২০২২ খ্রি.

### চসিকের বিজয় দিবসের কর্মসূচিতে মেয়র রেজাউল করিম চৌধুরী মুক্তিযুদ্ধের মাধ্যমে অর্জিত মূল্যবোধ রক্ষা করতে হবে

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, বিজয়ের অনুভূতি সব সময়ই আনন্দের। তবে একই সঙ্গে দিনটি বেদনারও বিশেষ করে যারা স্বজন হারিয়েছে তাদের জন্য। অগনিত মানুষের আত্মত্যাগের ফসল আমাদের স্বাধীনতা। এবারের বিজয় দিবসে মুক্তিযুদ্ধের চেতনায় উজ্জীবিত হয়ে সকল ষড়যন্ত্রের জাল ছিন্ন করে বাংলাদেশের উন্নয়ন অগ্রযাত্রাকে আরো এগিয়ে যাতে হবে। মুক্তিযুদ্ধের মাধ্যমে অর্জিত মূল্যবোধ রক্ষা করতে হবে। আজ শুক্রবার সকালে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে চট্টগ্রাম সরকারি কলেজ সংলগ্ন প্যারেড মাঠে দিনব্যাপী অনুষ্ঠানে মহান বিজয় দিবস-২০২২ এর অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ভরপ্রাপ্ত কর্মকর্তা ও সচিব খালেদ মাহমুদের পরিচালনায় অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন- প্যানেল মেয়র মো. গিয়াস উদ্দিন, আফরোজা কালাম, সমাজ কল্যাণ স্ট্যান্ডিং কমিটির সভাপতি কাউন্সিলর আবদুস সালাম মাসুম, শিক্ষা স্ট্যান্ডিং কমিটির সভাপতি ড. নিছার উদ্দিন আহমদ মঞ্জু, কাউন্সিলর নুর মোস্তফা টিনু, হাসান মুরাদ বিপ্লব, মোহাম্মদ জাবেদ, আবুল হাসনাত মো. বেলাল, কাজী মো. নুরুল আমিন, আতাউল্লাহ চৌধুরী, পুলক খাস্তগীর, জহর লাল হাজারী, মো. মো. নুরুল আমিন, সংরক্ষিত কাউন্সিলর জেসমিন পারভীন জেসি, রুমকী সেনগুপ্ত, প্রধান শিক্ষা কর্মকর্তা লুৎফুল্লাহর, প্রধান রাজস্ব কর্মকর্তা মো. নজরুল ইসলাম, প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম, প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডা. সেলিম আকতার চৌধুরী, যুগ্ম জেলা জজ মনীষা মহাজন, নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী, শিক্ষা কর্মকর্তা উজালা চাকমা, সিটি মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাসেম, প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা হুমায়ুন কবির চৌধুরী, উপসচিব আশেক রসুল চৌধুরী টিপু প্রমুখ।

মেয়র আরো বলেন, বাংলাদেশ মুক্তিযুদ্ধে অর্জিত স্বাধীন সার্বজনীন ও সার্বভৌম একটি রাষ্ট্র। যে রাষ্ট্রের মর্মবানী হবে জাতীয়তাবাদ, গণতন্ত্র, সমাজতন্ত্র ও ধর্মনিরপেক্ষতা। জঙ্গীবাদ, সন্ত্রাসবাদ, ধর্মান্ধতা, মৌলবাদ ও মাদক প্রতিহত করে এদেশ আবার ঘুরে দাঁড়িয়েছে বিশ্বের বুকে। ঐসব অপশক্তিকে সমূলে উৎখাত করে উন্নয়ন ও সমৃদ্ধির স্বর্ণশিখরে আরোহন করাই বর্তমান সরকারের লক্ষ্য। দিবসের অন্যান্য কর্মসূচির মধ্যেছিল সূর্যোদয়ের সাথে সাথে চসিক মিউনিসিপ্যাল মডেল স্কুল এণ্ড কলেজ প্রাঙ্গণে শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পন, সকাল ৭টায় নগর ভবনস্থ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পন, সকাল ৮টায় চসিক স্কুল কলেজের ছাত্র-ছাত্রী, শিক্ষক-শিক্ষিকা, কর্মকর্তা-কর্মচারী সমাবেশ, ৮.১৫মি পবিত্র কোরআন তেলোয়াত, জাতীয় পতাকা উত্তোলন, কুচকাওয়াজ ও সালাম গ্রহণ, ছাত্র-ছাত্রীদের ডিসপ্লে এবং ভারপ্রাপ্ত প্রধান নির্বাহী কর্মকর্তা ও সচিব খালেদ মাহমুদ এর ধন্যবাদ জ্ঞাপন।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩